



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস-রিলিজ

তারিখ: ২৫/০২/২০১৮খ্রি:

### প্রধানমন্ত্রী স্বর্ণপদক পেলেন

### বরিশাল বিশ্ববিদ্যালয়ের গনিত বিভাগের মেধাবী শিক্ষার্থী ফৌজিয়া শারমিন নিরা

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর উদ্যোগে প্রবর্তিত “প্রধানমন্ত্রী স্বর্ণপদক” পেলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রথম ব্যাচ ২০১১-১২ শিক্ষাবর্ষের গনিত বিভাগের মেধাবী শিক্ষার্থী ফৌজিয়া শারমিন নিরা। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের অধীন ২২টি বিভাগের মধ্যে প্রথম শিক্ষার্থী হিসেবে গনিত বিভাগে স্নাতক (সম্মান) শ্রেণির পরীক্ষার চূড়ান্ত ফলাফলে সিজিপিএ ৩.৮৮ অর্জন করায় ফৌজিয়া শারমিন নিরা “প্রধানমন্ত্রী স্বর্ণপদক” ২০১৫-২০১৬ এর জন্য মনোনীত হন। অদ্য ২৫ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ পদক প্রদান করা হয়। পদক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী, শিক্ষা প্রতিমন্ত্রী, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর চেয়ারম্যান, শিক্ষা সচিব, ৩৯ টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ সহ প্রধানমন্ত্রীর কার্যালয়ের ঊর্ধ্বতনরা উপস্থিত ছিলেন। মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নিকট থেকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের গনিত বিভাগের মেধাবী শিক্ষার্থী ফৌজিয়া শারমিন নিরা স্বর্ণপদক গ্রহণ করেন। এ সময়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক উপস্থিত ছিলেন। এক প্রতিক্রিয়ায় উপাচার্য মহোদয় বলেন, নবীন বিশ্ববিদ্যালয় হিসেবে বরিশাল বিশ্ববিদ্যালয়ের যে শিক্ষার্থী আজ “প্রধানমন্ত্রী স্বর্ণপদক” পেলেন তা অত্যন্ত গৌরব ও আনন্দের বিষয়। এ অর্জন শুধুমাত্র বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারের নয়, এ অর্জন সমগ্র বরিশালবাসীর। আর এ অর্জনকে প্রেরণা হিসেবে নিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয় অচিরেই একটি আন্তর্জাতিক মানের বিশ্ববিদ্যালয়ে পরিণত হবে এ প্রত্যাশা ব্যক্ত করেন উপাচার্য মহোদয়। উল্লেখ্য ফৌজিয়া শারমিন নিরা বর্তমানে বরিশাল বিশ্ববিদ্যালয়ে গনিত বিভাগে থিসিস গ্রুপ নিয়ে স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত রয়েছেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস